

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১১০.২০১৭- ০২

তারিখ- ০১.০১.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ সায়মা হাফিজ (১৩১৫৪২), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকার (সংযুক্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মধুপুর, টাঙ্গাইল) বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ সায়মা হাফিজ (১৩১৫৪২), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকার (সংযুক্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মধুপুর, টাঙ্গাইল) গত ০১.১১.২০১৪ খ্রিঃ হতে প্রস্তাব প্রেরণের তারিখ পর্যন্ত দীর্ঘ ০৩ বছর ২৬দিন এবং আজ পর্যন্ত কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত আছেন;

যেহেতু, আপনার উল্লিখিত অনুপস্থিতি সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ পালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(মোঃ সিরাজুল হোসাইন)
সচিব


ডাঃ সায়মা হাফিজ (কোড নং-১৩১৫৪২), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
(সংযুক্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মধুপুর, টাঙ্গাইল)
(স্থায়ী ঠিকানাঃ ৬৭৩, পশ্চিম ইব্রাহীমপুর, কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১১০.২০১৭- ০২/১(৫)

তারিখঃ ০১.০১.২০১৮ খ্রিঃ


অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য বিভাগ, ঢাকা
- ৪। সিভিল সার্জন, টাঙ্গাইল
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ সায়মা হাফিজ (১৩১৫৪২), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকার (সংযুক্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মধুপুর, টাঙ্গাইল) গত ০১.১১.২০১৪খ্রিঃ হতে প্রস্তাব প্রেরণের তারিখ পর্যন্ত দীর্ঘ ০৩ বছর ২৬দিন এবং আজ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং আপনি কর্তৃপক্ষকে অবহিত করেননি। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন'র দায়ে অভিযুক্ত হয়েছেন।


(মোঃ পিরাজুল হক খান)
সচিব